গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
বাজেট-১ শাখা

খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট বরাদ্দকৃত অর্থের বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত (২য় বিএমসি) সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ ইসমাইল হোসেন এনডিসি সচিব
সভার তারিখ	০৮ সেপ্টেম্বর ২০২২
সভার সময়	সকাল: ১০.০০ টা
স্থান	জুম এ্যাপস
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

আলোচনা ও সিদ্ধান্ত :

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে উল্লেখ করেন যে, ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা অনুমোদনের উদ্দেশ্যে আজকের বাজেট ব্যবস্থাপনা কমিটি'র (২য় বিএমসি) সভা আহবান করা হয়েছে। সচিব মহোদয় অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট অনুবিভাগ)-কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য বলেন। অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট অনুবিভাগ) মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, খাদ্য অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সেবা, হিসাব, প্রশাসন ও পরিকল্পনা অধিশাখার প্রস্তাব অনুযায়ী খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের কোয়ার্টার ভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে।

০২। **কর ব্যতীত রাজস্ব প্রাপ্তি :**

খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের মোট রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ১৪১৫২.৮০ কোটি টাকা। রাজস্ব প্রাপ্তির বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। খাদ্য মন্ত্রণালয়ের সচিবালয়ের অংশে ০.১১ কোটি টাকা, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ১.৫০ কোটি টাকা এবং খাদ্য অধিদপ্তর এর অংশে ১৪১৫১.১৯ কোটি টাকা চলতি অর্থবছরের কোয়ার্টার ভিত্তিক রাজস্ব ও কর ব্যতীত প্রাপ্তির লক্ষ্যমাত্রা সংক্ষেপে নিম্নরূপ:

ছক- ১

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট (২০২২-২৩)	১ম কোয়ার্টার	২য় কোয়ার্টার	৩য় কোয়ার্টার	৪র্থ কোয়ার্টার	মন্তব্য
সচিবালয়	১১,২৫	-	-	৭৫	১০,৫০	অলাভজনক সংগঠন নিবন্ধন ফি, পরীক্ষা ফি, দরপত্র দলিল ফি, সরকারি যানবাহন ব্যবহার ফি, ব্যবহৃত কাগজ ও স্টেশনারী বিক্রয়, পূর্ববর্তী অর্থবছরের অতিরিক্ত গৃহীত অর্থ ফেরত, অন্যান্য আদায়, মোটরযান, তথ্য, কম্পিউটার ও টেলিযোগাযোগ সরঞ্জাম বিক্রয়, অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র।
নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ	১,৫০,০০	৩৭,৫০	৩৭,৫০	৩৭,৫০	৩৭,৫০	মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে জরিমানা আদায়।

মোট সচিবালয়	১,৬১,২৫	৩৭,৫০	৩৭,৫০	৩৮,২৫	৪৮,০০	
খাদ্য অধিদপ্তর	**১৪১৫১,১৮,৭৮**	**৬০৪,৭১,৩৪**	**৮৫৯,৯৪,৭৩**	**৬৬৪,৭৮,৩১**	**১২০২১,৭৪,৪০**	চাল বিক্রয়, গম বিক্রয়, খাদ্য ভরতুকি হতে প্রাপ্তি, ভাড়া-আবাসিক, ভাড়া-অনাবাসিক, অন্যান্য লাইসেন্স ফি, পরীক্ষা ফি, দরপত্র দলিল ফি, সরকারি যানবাহন ব্যবহার ফি, ব্যবহৃত কাগজ ও স্টেশনারী বিক্রয়, জরিমানা, রাজেয়াপ্তকরণ, পূর্ববর্তী অর্থবছরের অতিরিক্ত গৃহীত অর্থ ফেরত ও অন্যান্য আদায়।
মোট খাদ্য মন্ত্রণালয়	**১৪১৫২,৮০,০৩**	**৬০৫,০৮,৮৪**	**৮৬০,৩২,২৩**	**৬৬৫,১৬,৫৬**	**১২০২২,২২,৪০**	

০৩। **সচিবালয় পরিচালন ব্যয়:**

খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের মোট পরিচালন ও উন্নয়ন ব্যয় বরাদ্দ ২০৩২৭.৬৭ কোটি টাকা। এর মধ্যে পরিচালন ব্যয় বরাদ্দ ১৮৯৯১.২২ কোটি টাকা এবং উন্নয়ন ব্যয় ১৩৩৬.৪৫ কোটি টাকা। তন্মধ্যে সচিবালয় পরিচালন ব্যয় বরাদ্দ **২২.২০** কোটি টাকা যার কোয়ার্টার ভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা সংক্ষেপে নিম্নে উপস্থাপন করা হলো:

ছক- ২

(হাজার টাকায়)

ক্র. নং	বিবরণ	বাজেট বরাদ্দ (২০২২-২৩)	১ম কোয়ার্টার	২য় কোয়ার্টার	৩য় কোয়ার্টার	৪র্থ কোয়ার্টার	মন্তব্য
সাধারণ কার্যক্রম							
	অফিসারদের বেতন	৫,৬৫,০০	১,২৪,৭১	১,৩৯,০৫	১,৩২,৪০	১,৬৮,৮৪	
	প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন	৯৮,১০	২৪,০০	২৫,০০	২৪,০০	২৫,১০	
	ভাতাদি	৪,৪৪,১৪	৮৯,৪২	৮৩,৪৩	১,৩৪,৯৪	১,৩৬,৩৫	
	পণ্য ও সেবা	৬,৯৮,২৬	৮৫,৭১	১,৪২,৬১	২,০১,১২	২,৬৮,৮২	আপ্যায়ন ব্যয়, ভ্রমন ব্যয়, অন্যান্য মনিহারি ও প্রশিক্ষণ খাতে সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে। পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট, গ্যাস ও জ্বালানী খাতে সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে।
	মেরামত ও সংরক্ষণ	১,৬৩,৫০	৩৯,৭০	৩৮,৫০	৪১,৪০	৪৩,৯০	
	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	৪৩,০০	১০,৫০	১০,৫০	১০,৫০	১১,৫০	কম্পিউটার ও আনুষঙ্গিক এবং আসবাবপত্র খাতে সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে।
	মোটরযান	৭০,০০	০	০	০	০	সকল প্রকার যানবাহন ক্রয় বন্ধ থাকবে।
	সাধারণ থোক বরাদ্দ	৪০,০০	০	০	০	০	সংরক্ষিত
বিশেষ কার্যক্রম							
	ঋণ	৫২,০০	০	০	০	৫২,০০	

	আন্তর্জাতিক সংস্থার চাঁদা	৪৬,০০	০	০	০	৪৬,০০	
	সর্বমোট	**২২,২০,০০**	**৩,৭৪,০৪**	**৪,৩৯,০৯**	**৫,৪৪,৩৬**	**৭,৫২,৫১**	

৪। **বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ:**

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২৩ অর্থবছরের প্রাতিষ্ঠানিক ব্যয় খাতে বাজেট বরাদ্দ আছে ৪৯.৮০ কোটি টাকা। উক্ত টাকার কোয়ার্টার ভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা সংক্ষেপে নিম্নরুপ:

ছক- ৩

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট বরাদ্দ (২০২২-২৩)	১ম কোয়ার্টার	২য় কোয়ার্টার	৩য় কোয়ার্টার	৪র্থ কোয়ার্টার	মন্তব্য
বেতন বাবদ সহায়তা	৭,৫৫,০০	১,৮৮,৭৫	১,৮৮,৭৫	১,৮৮,৭৫	১,৮৮,৭৫	
ভাতাদি বাবদ সহায়তা	৭,০৯,৩৮	১,৫৮,৯৭	১,২৮,৯৭	২,১৭,৪৭	২,০৩,৯৭	
পণ্য সেবা বাবদ সহায়তা	২৬,১৫,৬২	৫,০৬,৯২	৬,২৪,৪২	৭,২৪,৯২	৫,৫২,৬০	আপ্যায়ন ব্যয়, ভ্রমন ব্যয়, অন্যান্য মনিহারি ও প্রশিক্ষণ খাতে সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে। পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট, গ্যাস ও জ্বালানী খাতে সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে।
গবেষণা অনুদান	৭০,০০	২,০০	৩০,০০	২০,০০	১৮,০০	
যন্ত্রপাতি অনুদান	১,০০,০০	৪,০০	১৯,০০	৪১,০০	২১,০০	বৈদ্যুতিক সরঞ্জামাদি খাতে ২৫% সাশ্রয় করতে হবে ও আসবাবপত্র খাতে সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে।
যানবাহন অনুদান	৫,০০,০০	০	০	০	০	সকল প্রকার যানবাহন ক্রয় বন্ধ থাকবে।
তথ্য যোগাযোগ প্রযুক্তি অনুদান	৮০,০০	২,০০	৩৮,০০	১২,০০	১৩,০০	কম্পিউটার ও আনুষঙ্গিক ৫০% ব্যয় করা যাবে।
অন্যান্য মূলধন অনুদান	১,৫০,০০	০	৫০,০০	২০,০০	৫,০০	
মোট=	**৪৯,৮০,০০**	**৮,৬২,৬৪**	**১০,৭৯,১৪**	**১২,২৪,১৪**	**১০,০২,৩২**	

০৫। **খাদ্য অধিদপ্তর : পরিচালন ব্যয়**

সাধারন কার্যক্রম:

খাদ্য অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের বাজেট বরাদ্দ **১৮৯১৯.২২ কোটি** টাকা। সাধারন কার্যক্রম খাতে বাজেট বরাদ্দ আছে **৬৩৬.৬১ কোটি** টাকা যার কোয়ার্টার ভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা সংক্ষেপে নিম্নরূপ:

ছক- ৪

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট বরাদ্দ (২০২২-২৩)	১ম কোয়ার্টার	২য় কোয়ার্টার	৩য় কোয়ার্টার	৪র্থ কোয়ার্টার	মন্তব্য
প্রধান কার্যালয়, খাদ্য অধিদপ্তর	১৭৮,৫০,৩৬	৭,১৯,৯৫	৩১,৭৮,৫৯	৪৯,৭১,৬১	৮৯,৮০,২১	আপ্যায়ন ব্যয়, ভ্রমন ব্যয়, অন্যান্য মনিহারি, কম্পিউটার ও আনুষঙ্গিক, আসবাবপত্র ও প্রশিক্ষণ খাতে সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে। পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট, গ্যাস ও জ্বালানী খাতে সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে। সকল প্রকার যানবাহন ক্রয় বন্ধ থাকবে।
প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং	৫,৯২,৭৮	১,১৯,৫৬	১,৩৩,৭৭	১,৫০,৬৫	১,৮৮,৮০	
সাইলোসমূহ	৪২,৯২,৬৩	৯,৪৩,১০	১২,৬৮,৪৪	৮,৮১,৫৮	১১,৯৯,৫১	
আঞ্চলিক কার্যালয়	২৩,২১,০৬	১,৬৬,৪০	২,৩০,৭১	৮,২৩,৭৩	১১,০০,২২	
জেলা কার্যালয়	৪১,১২,৮৮	৮,৭৬,৩৫	১০,০০,২৫	৯,৫২,৯৫	১২,৮৩,৩৩	
উপজেলা কার্যালয়	৯৮,৭৪,৮৯	২০,৫৫,১৮	২৩,৫৭,৯৫	২৩,৩০,৬১	৩১,৩১,১৫	
কেন্দ্রীয় সংরক্ষণ ডিপোসমূহ (সিএসডি), খাদ্য অধিদপ্তর	৫৬,৫৭,৪৮	১৪,০৯,৯১	১৩,৮৩,২১	১২,২৯,৩১	১৬,৩৫,০৫	
স্থানীয় সংরক্ষণ ডিপোসমূহ (এলএসডি), খাদ্য অধিদপ্তর	১৭৫,৭৯,২২	৪৩,১২,২৬	৪২,২০,৮৩	৩৯,১৫,৯৪	৫১,৩০,১৯	
প্রধান মিলারের কার্যালয়, পোস্তগোলা, ঢাকা	৬,২৪,৪২	১,৪০,৭৩	১,৩৫,৬৫	১,৩৬,৭৮	২,১১,২৬	
চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর	৭,৫৫,৭১	১,৫৫,৫৯	১,৭৯,৬১	১,৭২,২৭	২,৪৮,২৪	
মোট সাধারণ কার্যক্রম	**৬৩৬,৬১,৪৩**	**১০৮,৯৯,০৩**	**১৪০,৮৯,০১**	**১৫৫,৬৫,৪৩**	**২৩১,০৭,৯৬**	

০৬। **খাদ্য অধিদপ্তর : পরিচালন ব্যয়**

বিশেষ কার্যক্রম:

খাদ্য অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের বিশেষ কার্যক্রমে (খাদ্য বাজেট) বরাদ্দ আছে **১৮২৮২.৬১ কোটি** টাকা। অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত বাজেট বাস্তবায়ন পরিকল্পনা:

ছক- ৫

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট বরাদ্দ (২০২২-২৩)	১ম কোয়ার্টার	২য় কোয়ার্টার	৩য় কোয়ার্টার	৪র্থ কোয়ার্টার	মন্তব্য

খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় বাবদ ভর্তুকি	৪২৬৪,০০,৪২	০	০	০	৪২৬৪,০০,৪২	বছর শেষে বুক এডজাস্টমেন্ট করা হবে।
বৈদেশিক ঋণ দ্বারা খাদ্য আমদানি	৭,৯১,৭০	০	০	০	৭,৯১,৭০	
নিজস্ব সম্পদ দ্বারা আমদানি	২৫৭০,৮৫,০০	৫৬০,০০,০০	৬০০,০০,০০	৮৮০,০০,০০	৫৩০,৮৫,০০	
অভ্যন্তরীণ খাদ্য সংগ্রহ	৯৭৬২,৮০,০০	৫০০০,০০,০০	১১২০,০০,০০	২০০০,০০,০০	১৬৪২,৮০,০০	
খাদ্য পরিচালন ব্যয়	১৬৭৭,০৩,৪৬	৩৭৭,৫২,০০	৩৮১,০৭,০০	৩৯৪,২৮,৫০	৫২৪,১৫,৯৬	
মোট বিশেষ কার্যক্রম	**১৮২৮২,৬০,৫৮**	**৫৯৩৭,৫২,০০**	**২১০১,০৭,০০**	**৩২৭৪,২৮,৫০**	**৬৯৬৯,৭৩,০৮**	
মোট সাধারণ কার্যক্রম	**৬৩৬,৬১,৪৩**	**১০৮,৯৯,০৩**	**১৪০,৮৯,০১**	**১৫৫,৬৫,৪৩**	**২৩১,০৭,৯৬**	
মোট পরিচালন ব্যয় খাদ্য অধিদপ্তর	**১৮৯১৯,২২,০১**	**৬০৪৬,৫১,০৩**	**২২৪১,৯৬,০১**	**৩৪২৯,৯৩,৯৩**	**৭২০০,৮১,০৪**	

০৭। **উন্নয়ন ব্যয় :**

খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের উন্নয়ন খাতে বরাদ্দ মোট ১৩৩৬.৪৫ কোটি টাকা। মোট ০৬ টি প্রকল্পের জন্য উক্ত বাজেট বরাদ্দ পাওয়া গেছে ১৩২৫.৮৯ কোটি টাকা। এর মধ্যে সচিবালয় খাতে অননুমোদিত প্রকল্পের জন্য থোক বরাদ্দ ১০.৫৬ কোটি টাকা। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উন্নয়ন ব্যয় খাতে বরাদ্দ ৫৯.৫১ কোটি টাকা। খাদ্য অধিদপ্তরের উন্নয়ন ব্যয় খাতে বরাদ্দ ১২৬৬.৩৮ কোটি টাকা। মোট ০৬ টি প্রকল্পের বিপরীতে উক্ত ব্যয় বরাদ্দের কোয়ার্টার ভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা নিম্নরূপ:

ছক- ৬

(হাজার টাকায়)

ক্র. নং	প্রকল্পের বিবরণ	বাজেট বরাদ্দ (২০২২-২৩)	১ম কোয়ার্টার	২য় কোয়ার্টার	৩য় কোয়ার্টার	৪র্থ কোয়ার্টার	মন্তব্য

১	আধুনিক খাদ্য সংরক্ষনাগার প্রকল্প। (জানুয়ারি/২০১৪-অক্টোবর/২০২৩)	১১২৪,৪৩,০০	২২১,৮৬,৭৩	৩৩৪,৬৫,৩৪	৩০০,৩১,৭১	২৬৭,৫৯,২৩	'বি' ক্যাটগরির প্রকল্প হিসেবে বাজেট বরাদ্দের সর্বোচ্চ ৭৫% ব্যয় করা যাবে। উন্নয়ন প্রকল্পের বিভিন্ন কমিটির সম্মানী বাবদ ব্যয় স্থগিতকরণ। আপ্যায়ন ব্যয়, ভ্রমণ ব্যয়, অন্যান্য মনিহারি, কম্পিউটার ও আনুষঙ্গিক, আসবাবপত্র ও প্রশিক্ষণ খাতে ৫০% ব্যয় করা যাবে। পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট, গ্যাস ও জ্বালানী খাতে সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে। সকল প্রকার যানবাহন ক্রয় বন্ধ থাকবে।
২	সারা দেশে পুরাতন খাদ্য গুদাম ও আনুষংগিক সুবিধাদির মেরামত ও পুনর্বাসন কাজ। (জুলাই ২০১৮-জুন/২০২৩)	৭০,০০,০০	১৩,২৮,২০	২১,৭১,৮০	১৮,৪৯,৯৯	১৬,৫০,০০	
৩	খাদ্যশস্যের পুষ্টিমান নিশ্চিত করার লক্ষ্যে প্রিমিক্স কার্নেল মেশিন ও ল্যাবরেটরী স্থাপন এবং অবকাঠামো নির্মাণ। (জানুয়ারি ২০২০-ডিসেম্বর ২০২২)	২৯,৩৯,০০	১,২৫,৬৩	১৩,৪৩,৮৮	৮,২৬,৭৬	৬,৪২,৭৫	
৪	দেশের বিভিন্ন স্থানে ধান শুকানো, সংরক্ষণ ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদিসহ আধুনিক ধানের সাইলো নির্মাণ (প্রথম ৩০টি সাইলো নির্মাণ পাইলট প্রকল্প) (জুলাই ২০২১-ডিসেম্বর ২০২৩)	৪২,৫৬,০০	২৩,১১	১,৩১,৩১	৪,৮২,৩১	৩৬,১৯,২৮	
৫	"বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্প। (জুলাই ২০২১-ডিসেম্বর ২০২৪)	৪৮,৬৩,০০	৬৫,০০	৩,৩২,০০	৬,০০,৩২	২৫,৮৯,০০	
৬	Strengthening the Inspection, Regulatory and Coordinating Function of the Food Safety Authority. (জুলাই ২০২১-ডিসেম্বর ২০২৬)	১০,৮৮,০০	১,৮৫,০০	২,৯৫,০০	২,৭০,০০	২,৩০,০০	
৭	সচিবালয় খাতে অননুমোদিত প্রকল্পের জন্য থোক বরাদ্দ	১০,৫৬,০০	০	০	০	০	
	সর্বমোট=	**১৩৩৬,৪৫,০০**	**২৩৯,১৩,৬৭**	**৩৭৭,৩৯,৩৩**	**৩৪০,৬১,০৯**	**৩৫৪,৯০,২৬**	

০৮। সার সংক্ষেপ (পরিচালন ও উন্নয়ন):

খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন ব্যয়সহ সর্বমোট বাজেট বাস্তবায়ন পরিকল্পনা কোয়ার্টার ভিত্তিক বিবরণ নিম্নরূপ:

ছক- ৭

(হাজার টাকায়)

প্রকল্পের বিবরণ	বাজেট বরাদ্দ (২০২২-২৩)	১ম কোয়ার্টার	২য় কোয়ার্টার	৩য় কোয়ার্টার	৪র্থ কোয়ার্টার
পরিচালন ব্যয়	১৮৯৯১,২২,০১	৬১৬৭,৮৬,৭৪	২৩৯৮,০৩,২৫	৩৬০৩,২৭,৮৬	৭৪৪৯,৪৩,৮৩
উন্নয়ন ব্যয়	**১৩৩৬,৪৫,০০**	**২৩৯,১৩,৬৭**	**৩৭৭,৩৯,৩৩**	**৩৪০,৬১,০৯**	**৩৫৪,৯০,২৬**
সর্বমোট=	**২০৩২৭,৬৭,০১**	**৬৪০৭,০০৪১**	**২৭৭৫,৪২,৫৮**	**৩৯৪৩,৮৮,৯৫**	**৭৮০৪,৩৪,০৯**

সচিব মহোদয় কোয়ার্টার ভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা যথাযথ হয়েছে মর্মে সন্তোষ প্রকাশ করেছেন।

০৯। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৯.১। কোয়ার্টার ভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা সামঞ্জপূর্ণ হতে হবে। প্রতি কোয়ার্টারের ব্যয় বিভাজন সমান ভাগে বিভক্ত করা যাবে না;

৯.২। প্রতি প্রান্তিকের পরবর্তী হিসাব ১ মাসের মধ্যে প্রতিবেদন আকারে প্রেরণ করতে হবে;

৯.৩। এফপিএমইউকে গবেষণা খাতে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। মহাপরিচালক, এফপিএমইউ সে বিষয়ে অগ্রগতি জানাবেন; এবং

৯.৪। অর্থ বিভাগ হতে জারিকৃত পরিচালন ও উন্নয়ন ব্যয় হ্রাসকরণসহ অন্যান্য পরিপত্রের নিয়মাচার মেনে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

পরিশেষে সভাপতি মহোদয় জুম অ্যাপস-এর মাধ্যমে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ ইসমাইল হোসেন এনডিসি
সচিব

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৫৩.২২.০০৭.২০.২৩৬

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯
১৫ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
২) মহাপরিচালক, মহাপরিচালক (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয়
৩) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৪) অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
৫) যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
৬) উপ-সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
৭) উপ-সচিব, বাজেট-৩ শাখা, অর্থ বিভাগ
৮) সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা, খাদ্য মন্ত্রণালয়
৯) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, খাদ্য মন্ত্রণালয়

মোসাম্মাৎ তাহমিনা খানম
সহকারী সচিব